৫৭

৩৪

আজকের কাগজ

তারিখ 06 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# সিদ্ধিরগঞ্জে ব্যতিক্রমধর্মী শিক্ষামেলা শুরু ।। ব্যবস্থাপনায় অনিয়ম

গত ১ জানুয়ারি থেকে নারায়নগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জে রেবতী মোহন পাইলট উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ১০ দিনব্যাপী এক ব্যতিক্রমধর্মী শিক্ষা মেলা '৯৩ শুরু হয়েছে। এ মেলা উদ্বোধন করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ ও ইত্তেফাক সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন। একটি গ্রাম্য পরিবেশে অত্যন্ত জাঁকজমকভাবে এ মেলা চলছে। বাংলাদেশে এ ধরনের মেলা এই প্রথম। শিক্ষার প্রসার, শিক্ষার্থীদের প্রতিভার বিকাশ ঘটানো, শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি, মননশীল চিন্তার উন্মেষ ঘটানো, মানবিক গুণাবলীর বিকাশ সাধন এবং দুস্থ শিক্ষার্থীদের সহযোগিতাদানেরঃ জন্যেই এ শিক্ষা মেলার আয়োজন করা হয়েছে। এ মেলায় শিশু-কিশোর এবং ছাত্র-ছাত্রীদের শিক্ষনীয় ও বিনোদনমূলক প্রদর্শনী, খেলাধূলা, বিভিন্ন বিষয়ক প্রতিযোগিতাসহ দেশীয় ঐতিহ্যগত সাংস্কৃতিক অনুষ্ঠানমালা রয়েছে।

এদিকে মেলার আশপাশে ছোটবড় মিলে ৩০টিরও বেশি স্টল রয়েছে। শিক্ষামেলা কমিটিতে ব্যাপক অনিয়ম ও অব্যবস্থাপনার অভিযোগ রয়েছে। মুক্তিযুদ্ধের ইতিহাস ও সঠিক তথ্য প্রচার করার জন্যে স্থানীয় আওয়ামী লীগ নেতাদের কোনো স্টল দেয়া হয়নি। এছাড়া ঘাতক দালাল নির্মূল কমিটি, প্রজন্ম '৭১ কাউকেই স্টল দেয়া হয়নি। এতে এলাকাবাসী স্বাধীনতাযুদ্ধের প্রকৃত ইতিহাস জানা থেকে বঞ্চিত হচ্ছে। অথচ স্থানীয় বিএনপি নেতাদের "কমল" নামে একটি স্টল দেয়া হয়েছে। এতে স্থানীয় জনগণের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সিদ্ধিরগঞ্জ থেকে মোঃ মনির হোসেন।